বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

আগারগাঁও শেরে বাংলা নগর, ঢাকা ১২০৭

Web site: www.bteb.gov.bd

ভর্তি তথ্যবিবরণী

২০১৩-১৪

শিক্ষাক্রম:

- **এইচএসসি (ভোকেশনাল)**
- **এইচএসসি (ব্যবসায় ব্যবস্থাপনা)**
- **ডিপ্লোমা ইন কমার্স**
- **১ বছর মেয়াদী স্কিল সার্টিফিকেট কোর্স**

১.১ বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের অ্যাফিলিয়েশন প্রাপ্ত শিক্ষা প্রতিষ্ঠানসমূহে ২০১৩-১৪ শিক্ষাবর্ষে এইচএসসি (ব্যবসায় ব্যবস্থাপনা), এইচএসসি (ভোকেশনাল) এবং ২(দুই) বছর মেয়াদি ডিপ্লোমা-ইন-কমার্স ও ১ বছর মেয়াদী স্কীল সার্টিফিকেট কোর্স শিক্ষাক্রমে ভর্তিচ্ছু শিক্ষার্থীদের নিকট থেকে আবেদপত্র আহবান করা যাচ্ছে।

২.০ ২০১৩-১৪ শিক্ষাবর্ষে এইচএসসি (ব্যবসায় ব্যবস্থাপনা), এইচএসসি (ভোকেশনাল) এবং ডিপ্লোমা ইন কমার্স শিক্ষাক্রমে ভর্তির নীতিমালা:

২.১ ভর্তি প্রার্থীতার শিক্ষাগত যোগ্যতা:

২.১.১ এইচএসসি (ব্যবসায় ব্যবস্থাপনা) এবং ডিপ্লোমা ইন কমার্স শিক্ষাক্রম:
অনুমোদিত সকল বোর্ড/উন্মুক্ত বিশ্ববিদ্যালয় হতে এসএসসি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। ভর্তির জন্য শিক্ষার্থীদের বয়স ও পাশের সন শিথিল যোগ্য।

২.১.২ এইচএসসি (ভোকেশনাল) শিক্ষাক্রম:
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড হতে নির্ধারিত ট্রেডে এসএসসি (ভোকেশনাল)/দাখিল (ভোকেশনাল) পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। ভর্তির জন্য শিক্ষার্থীদের বয়স ও পাশের সন শিথিল যোগ্য।

২.১.৩ ১(এক) বছর মেয়াদী স্কীল সার্টিফিকেট কোর্স:
অনুমোদিত সকল বোর্ড/উন্মুক্ত বিশ্ববিদ্যালয় হতে এসএসসি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। ভর্তির জন্য শিক্ষার্থীদের বয়স ও পাশের সন শিথিল যোগ্য।

২.২ ভর্তির জন্য উল্লেখিত ন্যূনতম শিক্ষাগত যোগ্যতাসহ যে কোন বছরে এসএসসি/সমমানের পরীক্ষা পাশ প্রার্থীগণ আবেদন করতে পারবে।

২.৩ প্রথম বর্ষে প্রতি স্পেশালাইজেশন/ট্রেডে নির্দিষ্ট আসন সংখ্যা এর অতিরিক্ত শিক্ষার্থী ভর্তি করা যাবে না।

২.৪ ভর্তি কার্যক্রম পরিচালনার জন্য প্রতিষ্ঠান প্রধানকে সভাপতি করে কোর্স সংশ্লিষ্ট শিক্ষক সমন্বয়ে ন্যূনতম ৫(পাঁচ) সদস্য বিশিষ্ট একটি ভর্তি কমিটি গঠন করতে হবে।

২.৫ ভর্তিচ্ছু প্রার্থীদেরকে যে শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হতে ইচ্ছুক সেখান থেকে আবেদন ফরমের মূল্য ও ভর্তির ব্যবস্থাপনা ব্যয় নির্বাহের জন্য ১২০.০০ (একশত বিশ) টাকার (অফেরতযোগ্য) বিনিময়ে ভর্তি তথ্যবিবরণী ও আবেদনপত্র ফরম সংগ্রহ পূর্বক নিজ হাতে পূরণ করে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানে জমা দিতে হবে। প্রতিষ্ঠানসমূহকে বোর্ডের ওয়েব সাইড থেকে ভর্তির আবেদনপত্র ফরম ও তথ্যবিবরণী ডাউন লোড করে ভর্তিচ্ছু প্রার্থীদেরকে সরবরাহের ব্যবস্থা গ্রহণ করতে হবে। উল্লেখ্য যে, এ সংক্রান্ত খাতে আদায়কৃত ১২০.০০(একশত বিশ) টাকার মধ্যে ৯০.০০(নব্বই) টাকা সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে রেখে বাকী ৩০.০০ (ত্রিশ) টাকা ভর্তিকৃত শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন ফি'র সাথে সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের অনুকূলে প্রেরণ করতে হবে।

২.৬ প্রার্থী সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানে প্রচলিত স্পেশালাইজেশন/ট্রেডসমূহ হতে যে স্পেশালাইজেশন/ট্রেডসমূহে অধ্যয়ন করতে চায় (প্রযোজ্য ক্ষেত্রে), তার পছন্দের ক্রমানুসারে তাকে আবেদনপত্রের নির্ধারিত স্থানে তা (পছন্দ) উল্লেখ করতে হবে।

২.৭ এসএসসি (ভোকেশনাল) শিক্ষাক্রমে প্রচলিত বিভিন্ন ট্রেডের উপর ভিত্তি করে এইচএসসি (ভোকেশনাল) শিক্ষাক্রমের জন্য সংশ্লিষ্ট "ক্লাষ্টার ট্রেডে" শিক্ষার্থী ভর্তি করা হবে।

২.৮ প্রথম বর্ষে মেধা ও আবেদনপত্রে বর্ণিত পছন্দের ভিত্তিতে শিক্ষার্থী ভর্তি করা হবে। স্পেশালাইজেশন/ট্রেড ভিত্তিক তালিকা প্রণয়নে সাধারণ মেধা তালিকা অনুসরণ করতে হবে।

২.৯ মেধা তালিকা প্রণয়নের ভিত্তি:

২.৯.১ এসএসসি/সমমানের পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীদের ভর্তির ক্ষেত্রে শুধুমাত্র ফলাফলের (নম্বর/জিপিএ) ভিত্তিতে প্রথম বর্ষে ভর্তি করা হবে। তবে সমান পয়েন্ট পাওয়া প্রার্থীদের বাছাই এর ক্ষেত্রে পর্যায়ক্রমে সাধারণ গণিত, উচ্চতর গণিত/জীব বিজ্ঞান, ইংরেজি, পদার্থ বিজ্ঞান, রসায়ন বিজ্ঞানে বেশী পয়েন্ট/গ্রেড পাওয়া প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।

২.৯.২ জিপিএ পদ্ধতিতে উত্তীর্ণ শিক্ষার্থীদের ক্ষেত্রে প্রাপ্ত জিপিএ-কে ২০ (বিশ) দ্বারা গুণ করতে হবে। ২০০২ সনের পূর্বে পাস করা শিক্ষার্থীদের প্রাপ্ত মোট নম্বরের ১০% নিতে হবে। এসএসসি (ভোকেশনাল)/দাখিল/সমমান পরীক্ষায় মোট নম্বরকে ১০০ নম্বরে রূপান্তরের ভিত্তিতে প্রাপ্ত নম্বর হিসেব করে মেধা তালিকা প্রণয়ন করতে হবে।

২.১০ ভর্তির জন্য মোট আসন সংখ্যার সমসংখ্যক একটি মূল তালিকা এবং আসন সংখ্যার সমসংখ্যক একটি অপেক্ষমান তালিকা মেধাক্রম অনুসারে প্রণয়ন করতে হবে। ভর্তি কমিটির সকল সদস্যের স্বাক্ষর সম্বলিত উভয় তালিকা (প্রার্থীর প্রাপ্ত নম্বরসহ) একই সংগে নোটিশ বোর্ডে টানাতে হবে এবং এক কপি বোর্ডে পরিচালক (কারিকুলাম) বরাবরে প্রেরণ করতে হবে।

২.১১ ভর্তিকৃত শিক্ষার্থীদের কেউ ক্লাশ শুরুর ৭(সাত) কার্যদিবসের মধ্যে ক্লাশে যোগদান না করলে তার ভর্তি বাতিল করত উক্ত শূন্য আসন পরবর্তি ৭(সাত) কার্যদিবসের মধ্যে অপেক্ষমান তালিকা হতে মেধার ক্রমানুসারে পূরণের ব্যবস্থা করতে হবে।

২.১২ ভর্তির জন্য নির্ধারিত তারিখের মধ্যে আসন সংখ্যা পূরণ না হলে অপেক্ষমান তালিকা হতে সময়সূচী অনুযায়ী শূন্য আসনে মেধার ক্রমানুসারে শিক্ষার্থী ভর্তি করা হবে। অপেক্ষমান তালিকা হতে ভর্তির জন্য নির্ধারিত তারিখের পরেও যদি আসন শূন্য থাকে তবে বোর্ডের সাথে যোগাযোগ করে পরবর্তি ব্যবস্থা গ্রহণ করতে হবে।

২.১৩ ভর্তির সময় সকল প্রার্থীকে তাদের এসএসসি,এসএসসি(ভোকেশনাল),দাখিল(ভোকেশনাল)/সমমান পরীক্ষা পাশের প্রমাণ হিসেবে বোর্ড হতে প্রদত্ত মূল নম্বরপত্র/ট্রান্সক্রিপ্ট সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানে সংরক্ষণের জন্য জমা দিতে হবে। শিক্ষাক্রমের সর্বশেষ পরীক্ষা পর্যন্ত উল্লিখিত মূল নম্বরপত্র/ট্রান্সক্রিপ্ট সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানে জমা থাকবে। এ সময়ের মধ্যে কোন প্রার্থী উক্ত নম্বরপত্র/ট্রান্সক্রিপ্ট ফেরৎ চাইলে তার ভর্তি বাতিল করে তা ফেরৎ দেয়া হবে।

২.১৪ প্রতিষ্ঠানে ভর্তির ক্ষেত্রে নিজস্ব প্রতিষ্ঠান হতে উত্তীর্ণ শিক্ষার্থীগন প্রতিষ্ঠান নির্ধারিত যোগ্যতা থাকা সাপেক্ষে স্ব স্ব ট্রেডে অগ্রাধিকার ভিত্তিতে ভর্তির সুযোগ পাবে।

২.১৫ বর্ণিত নীতিমালার বহির্ভূত কোন বিষয়ে সিদ্ধান্তের প্রয়োজন হলে সে ব্যাপারে শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃপক্ষ বোর্ডের অনুমোদন সাপেক্ষে ব্যবস্থা গ্রহণ করবেন।

২.১৬ শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হওয়ার সময় বোর্ডে রেজিস্ট্রেশনভূক্তির জন্য প্রার্থীগণকে নির্ধারিত ফি (রেজিস্ট্রেশন ফি ১২০.০০, ক্রিড়া ফি ৩০.০০, রোভার/রেঞ্জার ফি ১৫.০০, রেড ক্রিসেন্ট ফি ২০.০০, বিজ্ঞান ও প্রযুক্তি ফি ৭.০০ ইত্যাদি) প্রদান পূর্বক অনলাইন রেজিস্ট্রেশন প্রিন্ট আউট কপি ক্লাশ শুরু হওয়ার তারিখ হতে ৪০ (চল্লিশ) দিনের মধ্যে বোর্ডে জমা দিতে হবে।

২.১৭ অনলাইন রেজিস্ট্রেশন পূরন করে বোর্ডে প্রেরণের সময় সংশিষ্ট বোর্ড হতে প্রদত্ত মূল নম্বরপত্র/ট্রান্সক্রিপ্ট এবং এক সেট সত্যায়িত ফটোকপি বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডে জমা দিতে হবে। রেজিস্ট্রেশনভূক্তির পর প্রতিষ্ঠানে সংরক্ষণের জন্য মূল নম্বরপত্র/ট্রান্সক্রিপ্ট ফেরৎ প্রদান করা হবে।

২.১৮ ভর্তি সংক্রান্ত তথ্যাদি বোর্ডের নিজস্ব ওয়েব সাইটে দেখা যাবে। ওয়েব সাইট এ্যাড্রেস **www.bteb.gov.bd**

২.১৯ বর্ণিত নীতিমালার চূড়ান্ত ব্যাখ্যা প্রদানের ক্ষমতা বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের উপর ন্যস্ত।

২.২০ ভর্তি কার্যক্রমের সময়সূচি:

শিক্ষাক্রম	**কার্যাদির সময় ও তারিখ**
এইচএসসি(ভোকেশনাল)/এইচএসসি(ব্যবসায় ব্যবস্থাপনা)/ডিপ্লোমা-ইন-কমার্স	২১ মে, ২০১৩ থেকে শুরু করে ৩০ জুন, ২০১৩ এর মধ্যে ভর্তির সকল প্রক্রিয়া সম্পন্ন করতে হবে এবং ১ জুলাই, ২০১৩ হতে ক্লাস শুরু হবে।
১(এক) বছর মেয়াদী স্কিল সার্টিফিকেট কোর্স	২১ মে ২০১৩ থেকে শুরু করে ১৭ অক্টোবর, ২০১৩ এর মধ্যে ভর্তির সকল প্রক্রিয়া সম্পন্ন করতে হবে এবং ১৯ অক্টোবর ২০১৩ হতে ক্লাস শুরু হবে।

২.২১ এইচএসসি (ভোকেশনাল), এইচএসসি (ব্যবসায় ব্যবস্থাপনা) এবং ডিপ্লোমা ইন কমার্স শিক্ষাক্রমের স্পেশালাইজেশন/ট্রেড ও আসন সংখ্যা:

২.২১.১ এইচএসসি (ব্যবসায় ব্যবস্থাপনা):

১. কম্পিউটার অপারেশন - ৩০ (সর্বোচ্চ)
২. সেক্রেটারিয়াল সায়েন্স- ৩০ (সর্বোচ্চ)
৩. হিসাব রক্ষণ - ৩০ (সর্বোচ্চ)
৪. ব্যাংকিং - ৩০ (সর্বোচ্চ)
৫. উদ্যোক্তা উন্নয়ন - ৩০ (সর্বোচ্চ)

২.২১.২ **এইচএসসি (ভোকেশনাল):** আসন সংখ্যা প্রতি ট্রেড: ৩৬ সর্বোচ্চ (ড্রপআউটসহ)

ক্রমিক নং	এইচএসসি (ভোকেশনাল) শিক্ষাক্রমের ক্লাস্টার্ড ট্রেড	প্রার্থীর এসএসসি (ভোকেশনাল) পরীক্ষা পাশের ট্রেড
১	ইলেকট্রিক্যাল ওয়ার্কস এন্ড মেইনটেন্যান্স	জেনারেল ইলেকট্রিক্যাল ওয়ার্কস/ইলেকট্রিক্যাল মেইনটেন্যান্স
২	ক্লদিং এন্ড গার্মেন্টস ফিনিসিং	ড্রেস মেকিং/নিটিং/উইভিং/ডাইং প্রিন্টিং এন্ড ফিনিশিং
৩	এগ্রো মেশিনারি	ফার্ম মেশিনারি/ অটোমোটিভ/জেনারেল মেকানিক্স /ফ্রুট এন্ড ভেজিটেবল কাল্টিভেশন
৪	কম্পিউটার অপারেশন এন্ড মেইনটেন্যান্স	কম্পিউটার ও তথ্য প্রযুক্তি/ কম্পিউটার এপ্লিকেশন এন্ড অপারেশন
৫	ইলেকট্রনিক কন্ট্রোল এন্ড কমিউনিকেশন	জেনারেল ইলেকট্রনিক্স/ অডিও ভিডিও সিস্টেম
৬	মেশিন টুল অপারেশন এন্ড মেইনটেন্যান্স	টার্নার/জেনারেল মেকানিক্স/মেশিন টুলস্ অপারেশন/মেকানিক্যাল ড্রাফটিং উইথ ক্যাড
৭	অটোমোবাইল	অটোমোটিভ/ফার্ম মেশিনারি
৮	রিফ্রিজারেশন এন্ড এয়ারকন্ডিশনিং	রিফ্রিজারেশন এন্ড এয়ারকন্ডিশনিং
৯	ওয়েল্ডিং এন্ড ফেব্রিকেশন	ওয়েল্ডিং ওয়ার্কস/জেনারেল মেকানিক্স/ওয়েল্ডিং এন্ড ফেব্রিকেশন
১০	বিল্ডিং কনস্ট্রাকশন এন্ড মেইনটেন্যান্স	বিল্ডিং মেইনটেন্যান্স/সিভিল কনস্ট্রাকশন/প্লাম্বিং এন্ড পাইপ ফিটিং
১১	পোল্ট্রি রিয়ারিং এন্ড ফার্মিং	পোল্ট্রি রিয়ারিং এন্ড ফার্মিং/লাইভস্টক রিয়ারিং অ্যান্ড ফার্মিং
১২	ড্রাফটিং সিভিল	সিভিল ড্রাফটিং উইথ ক্যাড/মেকানিক্যাল ড্রাফটিং উইথ ক্যাড/আর্কিটেকচারাল ড্রাফটিং উইথ ক্যাড
১৩	ইন্ডাষ্টিয়াল উড ওয়ার্কিং	উড ওয়ার্কিং/কার্পেন্টি/বিল্ডিং মেইনটেন্যান্স
১৪	ফিশ কালচার এন্ড ব্রিডিং	ফিশ কালচার এন্ড ব্রিডিং/শ্রিম্প কালচার এন্ড ব্রিডিং/ ফুড প্রসেসিং

২.২১.৩ **ডিপ্লোমা ইন কমার্স:**

১. সেক্রেটারিয়েল সায়েন্স - ৪০ (প্রতি ব্যাচ)
২. হিসাব বিজ্ঞান - ৪০ (প্রতি ব্যাচ)

২.২১.৪ **১(এক) বছর মেয়াদী স্কিল সার্টিফিকেট কোর্স:**

১. অটোমোবাইল - ৬০ (সর্বোচ্চ)
২. ইলেকট্রিক্যাল - ৬০ (সর্বোচ্চ)
৩. ইলেকট্রনিক্স - ৬০ (সর্বোচ্চ)
৪. মেকানিক্যাল - ৬০ (সর্বোচ্চ)
৫. ইন্ডাষ্ট্রিয়াল ফ্যাসিলিটি (রিফ্রিজারেশন+ওয়েল্ডিং)- ৬০ (সর্বোচ্চ)
৬. কন্সট্রাশন - ৬০ (সর্বোচ্চ)



(প্রকৌশলী জাকারিয়া আব্বাসী)
বিশেষজ্ঞ(ভোকেশনাল)
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
ফোন: ৮১৮১১২৩

শিক্ষা প্রতিষ্ঠানের সীলমোহর ক্রমিক নং তারিখঃ

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা
এইচএসসি (ভোকেশনাল)/এইচএসসি (ব্যবসায় ব্যবস্থাপনা)/ডিপ্লোমা ইন কমার্স
এবং ১ বছর মেয়াদী স্কিল সার্টিফিকেট কোর্স
২০১৩-২০১৪ শিক্ষাবর্ষ
ভর্তির আবেদনপত্র

পাসপোর্ট আকারের এক কপি ছবি

(টিএসসি/স্কুল/মাদ্‌রাসার সনদ অনুসারে স্বহস্তে পূরণ করতে হবে)

১. **প্রার্থীর পূর্ণনাম:** (স্পষ্টাক্ষরে)
বাংলায় ....
ইংরেজিতে
(বড় হাতের অক্ষরে)

২. **পিতার নাম :**
বাংলায়..
ইংরেজিতে
(বড় হাতের অক্ষরে)

৩. **মাতার নাম :**
বাংলায়..
ইংরেজিতে
(বড় হাতের অক্ষরে)

৪. **অভিভাবকের নাম: (পিতার অবর্তমানে)** .... মোবাইল নম্বরঃ ....

৫. বর্তমান ঠিকানা : ....
....

৬. স্থায়ী ঠিকানা : ....
....

৭. জাতীয়তাঃ .... জন্ম তারিখঃ(সনদপত্র অনুসারে)

দিন		মাস		বছর			

ধর্মঃ..

৮. শিক্ষাগত যোগ্যতাঃ

পরীক্ষা	গ্রুপ/ট্রেড	বোর্ড	পাশের সন	জিপিএ/মোট নম্বর	বিভাগ (প্রযোজ্য ক্ষেত্রে)

৯. যে স্পেশালাইজেশন/ট্রেডে পড়তে ইচ্ছুক (পছন্দের ক্রমানুসারে)
১ম .... ২য় .... ৩য় ....
৪র্থ... ৫ম .... ৬ষ্ঠ ....

১০. যে টিএসসি/স্কুল/মাদ্‌রাসা হতে এসএসসি/দাখিল/এসএসসি(ভোকঃ)/দাখিল(ভোকঃ) পাস করেছে তার নাম ও ঠিকানা:
....

১১. টাকা প্রদানের রশিদ নং .... তারিখঃ..

১২. সংযোজন যোগ্যঃ ক. এসএসসি/দাখিল/এসএসসি (ভোকঃ)/দাখিল (ভোকঃ)/সমমান পরীক্ষায় পাশের ট্রান্সক্রিপ্ট/নম্বরপত্রের সত্যায়িত কপি।
খ. সর্বশেষ যে প্রতিষ্ঠানে অধ্যয়ন করেছে সে প্রতিষ্ঠান প্রধানের প্রশংসাপত্রের সত্যায়িত কপি।
গ. পাসপোর্ট আকারের দুই কপি সত্যায়িত ছবি।
ঘ. ফরম ক্রয় বাবদ টাকা প্রদানের প্রাপ্ত রশিদ।

আবেদনকারীর স্বাক্ষর ও তারিখ

অব্যাহত-২

শিক্ষা প্রতিষ্ঠানের সীলমোহর ও প্রতিষ্ঠান প্রধানের স্বাক্ষর

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা
এইচএসসি(ভোকেশনাল)/এইচএসসি(ব্যবসায় ব্যবস্থাপনা)/ডিপ্লোমা ইন কমার্স
এবং ১ বছর মেয়াদী স্কিল সার্টিফিকেট কোর্স
২০১৩-২০১৪ শিক্ষাবর্ষ
ভর্তির আবেদনপত্র

পাসপোর্ট আকারের এক কপি ছবি

প্রার্থীর নামঃ ....
পিতার নামঃ ....
মাতার নামঃ ....
আবেদন পত্রের ক্রমিক নং .... তারিখ :..

১৩. আবেদনকারীর অঙ্গীকারনামা :

এ মর্মে অঙ্গীকার করছি যে ভর্তি হবার সুযোগ পেলে আমি অত্র শিক্ষা প্রতিষ্ঠান ও বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের যাবতীয় আইনকানুন মেনে চলব এবং কোন অবস্থাতেই অত্র শিক্ষা প্রতিষ্ঠান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড এবং দেশের আইনের পরিপন্থি কোন কাজে লিপ্ত হব না।

-- পিতা/মাতা/অভিভাবকের স্বাক্ষর ও তারিখ

------------------------------ আবেদনকারীর স্বাক্ষর ও তারিখ

১৪. প্রার্থীকর্তৃক এসএসসি/দাখিল/ এসএসসি (ভোকঃ)/দাখিল (ভোকঃ)/সমমান//ভর্তি পরীক্ষায় প্রাপ্ত নম্বর/মেধার ক্রমিক **:**

প্রাপ্ত নম্বর	মেধার ক্রমিক

১৫. অনুমতিপ্রাপ্ত স্পেশালাইজেশন/ট্রেডের নামঃ ....

ভর্তির অনুমতি দেয়া হলো

উপাধ্যক্ষ/একাডেমিক ইনচার্জ

অধ্যক্ষ

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
আগারগাঁও, শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭।

স্মারক নং বাকাশিবো/ক(ভোক)/২০১৩/১১৬ তারিখ : ২০-০৫-২০১৩ খ্রিঃ

প্রাপক :

অধ্যক্ষ

....

.... ।

বিষয় : ২০১৩-১৪ শিক্ষাবর্ষে এইচএসসি (ভোকেশনাল)/এইচএসসি (ব্যবসায় ব্যবস্থাপনা)/ডিপ্লোমা ইন কমার্স এবং ১ বছর মেয়াদী স্কিল সার্টিফিকেট শিক্ষাক্রমে শিক্ষার্থী ভর্তি সংক্রান্ত কার্যক্রম পরিচালনায় ইন্সটিটিউট প্রধানের করণীয়।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে চেয়ারম্যান মহোদয়ের অনুমোদনক্রমে এইচএসসি (ভোকেশনাল)/এইচএসসি (ব্যবসায় ব্যবস্থাপনা)/ডিপ্লোমা ইন কমার্স এবং ১ বছর মেয়াদী স্কীল সার্টিফিকেট শিক্ষাক্রমে ২০১৩-১৪ শিক্ষাবর্ষে শিক্ষার্থী ভর্তি সংক্রান্ত কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার নিমিত্ত নিম্ন বর্ণিত তথ্যাদি অনুসরণের অনুরোধ করা হল:

১. সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানগণ বোর্ডের ওয়েব সাইড হতে ভর্তির **ভর্তি ফরম ও ভর্তি তথ্য বিবরণী বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের ওয়েব সাইড থেকে ডাউন লোড করে নেবেন।**

২. তথ্য বিবররণীতে বর্ণিত তারিখ ও নীতিমালা অনুসারে ভর্তি কার্যক্রম পরিচালনা করতে হবে।

৩. ভর্তি কার্যক্রম পরিচালনার জন্য ইনস্টিটিউট প্রধানকে সভাপতি করে ট্রেড সংশিষ্ট শিক্ষক সমন্বয়ে ন্যূনতম ৫(পাঁচ) সদস্যের একটি ভর্তি কমিটি গঠন করতে হবে।

৪. ভর্তির জন্য মোট আসন সংখ্যার সমসংখ্যক একটি মূল তালিকা এবং আসন সখ্যার সমসংখ্যক একটি অপেক্ষমান তালিকা মেধাক্রম অনুসারে প্রণয়ন করতে হবে (প্রযোজ্য ক্ষেত্রে)। ভর্তি কমিটির সকল সদস্যের স্বাক্ষর সম্বলিত উভয় তালিকা (প্রার্থীর প্রাপ্ত নম্বরসহ) একই সংগে নোটিশ বোর্ডে টাঙাতে হবে এবং এক কপি বোর্ডে পরিচালক (কারিকুলাম) বরাবরে প্রেরণ করতে হবে।

৫. ভর্তির জন্য নির্ধারিত তারিখের মধ্যে আসন সংখ্যা পূরণ না হলে অপেক্ষমান তালিকা হতে সময়সূচী অনুযায়ী শূন্য আসনে মেধার ক্রমানুসারে শিক্ষার্থী ভর্তি করা যাবে। অপেক্ষমান তালিকা হতে ভর্তির জন্য নির্ধারিত তারিখের পরেও যদি আসন শূন্য থাকে তবে বোর্ডের সাথে যোগাযোগ করে পরবর্তী ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৬. কোন শিক্ষা প্রতিষ্ঠানে অনুমোদিত প্রত্যেক ট্রেডে মোট আসন সংখ্যার ন্যূনতম ৫০% শিক্ষার্থী ভর্তি করতে হবে।

৭. ভর্তিচ্ছু প্রার্থীদের নিকট ১২০.০০(একশত বিশ) টাকার বিনিময়ে (বোর্ড প্রণীত ভর্তির আবেদনপত্র ফরম ও তথ্য বিবরণীসহ ভর্তি ব্যবস্থাপনা খরচ বাবদ) ভর্তির আবেদনপত্র বিক্রয় করতে হবে। ভর্তিকৃত শিক্ষার্থীদের eRIF প্রিন্ট আউট কপি জমা দেয়ার সময় প্রতি শিক্ষার্থীর জন্য ৩০ (ত্রিশ) টাকা হারে সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের অনুকুলে জমা দিতে হবে।

৮. ভর্তিকৃত সকল প্রার্থীকে এসএসসি/দাখিল/এসএসসি(ভোক)/দাখিল(ভোক)/সমমান পরীক্ষায় পাশের নম্বরপত্র/ট্রান্সক্রিপ্ট পরীক্ষা পাসের প্রমাণ হিসেবে সংশিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানে সংরক্ষণের জন্য জমা রাখতে হবে। শিক্ষাক্রমের সর্বশেষ পরীক্ষা পর্যন্ত উল্লেখিত মূল নম্বরপত্র/ট্রান্সক্রিপ্ট সংশিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানে জমা থাকবে।

৯. প্রতিষ্ঠানে ভর্তির ক্ষেত্রে নিজস্ব প্রতিষ্ঠান হতে উত্তীর্ণ শিক্ষার্থীগন প্রতিষ্ঠান নির্ধারিত যোগ্যতা থাকা সাপেক্ষে স্ব স্ব ট্রেডে অগ্রাধিকার ভিত্তিতে ভর্তির সুযোগ পাবে ।

১০. শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হওয়ার সময় বোর্ডে রেজিস্ট্রেশনভূক্তির জন্য প্রার্থীগণকে নির্ধারিত ফি (রেজিস্ট্রেশন ফি ১২০.০০, ক্রিড়া ফি ৩০.০০, রোভার/রেঞ্জার ফি ১৫.০০, রেড ক্রিসেন্ট ফি ২০.০০, বিজ্ঞান ও প্রযুক্তি ফি ৭.০০ ইত্যাদি) প্রদান পূর্বক অনলাইন রেজিস্ট্রেশন প্রিন্ট আউট কপি ক্লাশ শুরু হওয়ার তারিখ হতে ৪০ (চল্লিশ) দিনের মধ্যে বোর্ডে জমা দিতে হবে।

১১. অনলাইন রেজিস্ট্রেশন পূরন করে বোর্ডে প্রেরণের সময় সংশ্লিষ্ট বোর্ড হতে প্রদত্ত মূল নম্বরপত্র/ট্রান্সক্রিপ্ট এবং এক সেট সত্যায়িত ফটোকপি বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডে জমা দিতে হবে। রেজিস্ট্রেশনভূক্তির পর প্রতিষ্ঠানে সংরক্ষণের জন্য মূল নম্বরপত্র/ট্রান্সক্রিপ্ট ফেরৎ প্রদান করা হবে।

১২. অনলাইন রেজিস্ট্রেশন প্রিন্ট আউট কপি জমা দেয়ার সময় স্বীকৃতি নবায়ন (বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের ক্ষেত্রে) এর জন্য ২০১৩ শিক্ষাবর্ষ পর্যন্ত হাল নাগাদ নবায়ন ফি প্রদানপূর্বক বোর্ড কর্তৃক নির্ধারিত আবেদনপত্র যথাযথভাবে পূরণ করে প্রয়োজনীয় কাগজপত্রসহ জমা দিতে হবে।

১৩. বর্ণিত নীতিমালার বহির্ভূত কোন বিষয়ে সিদ্ধান্তের প্রয়োজন হলে সে ব্যাপারে শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃপক্ষ বোর্ডের অনুমোদন সাপেক্ষে ব্যবস্থা গ্রহণ করবেন।

১৪. যে কোন বিষয়ে ব্যাখ্যা প্রদানের ক্ষমতা বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের উপর ন্যস্ত।

স্বাক্ষরিত
(মোঃ আব্দুর রেজ্জাক)
পরিচালক (কারিকুলাম)
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
ফোন: ৯১৪০৬৪৬

স্মারক নং বাকাশিবো/ক(ভোক)/২০১৩/১১৬(৭) তারিখ : ২০-০৫-২০১৩ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হল:

১। সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
২। পরীক্ষা নিয়ন্ত্রক, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৩। সিস্টেম এনালিষ্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৪। উপ-সচিব (রেজিস্ট্রেশন), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৫। উপ-পরীক্ষা নিয়ন্ত্রক(ভোকঃ/বিএম), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৬। চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৭। নথি।

(প্রকৌশলী জাকারিয়া আব্বাসী)
বিশেষজ্ঞ(ভোকেশনাল)
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
ফোন: ৮১৮১১২৩